



জবি/প্রশা-৩২(১৫৩)/২০১৩/৫১৬০

তারিখ : ০৬ জানুয়ারি, ২০১৮

বিজ্ঞপ্তি

বিষয়: “ডে- কেয়ার সেন্টার” নীতিমালা-২০১৭ প্রেরণ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের শিশু-সন্তানদের নিরাপদ, স্বাস্থ্যসম্মত, আকর্ষণীয় ও উপযোগী পরিবেশে নিবিঘ্নে ও নিশ্চিত্তে বেড়ে ওঠার লক্ষ্যে ডে-কেয়ার সেন্টার পরিচালনার জন্য “ডে- কেয়ার সেন্টার” নীতিমালা-২০১৭ অনুমোদিত হয়েছে।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)

রেজিস্ট্রার

তারিখ : ০৬ জানুয়ারি, ২০১৮

জবি/প্রশা-৩২(১৫৩)/২০১৩/৫১৬০

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১-৬. ডীন, সকল অনুষদ, জবি।
- ৭-৮. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট/ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজেস, জবি।
- ৯-৪৫. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি।
৪৬. গ্রন্থাগারিক, জবি।
৪৭. প্রক্টর, জবি।
- ৪৮-৫২. পরিচালক {গবেষণা/ছাত্র কল্যাণ/পউও/আইটি/পিআরআইপি, জবি।
৫৩. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি।
৫৪. প্রধান প্রকৌশলী (চঃদাঃ), প্রকৌশল দপ্তর, জবি।
৫৫. অতিরিক্ত পরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব বিভাগ (FC-তে রিপোর্ট করার অনুরোধসহ), জবি।
৫৬. পরিবহণ প্রশাসক, জবি।
৫৭. সভাপতি/সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, জবি।
৫৮. সভাপতি/সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতি, জবি।
৫৯. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি।
৬০. সহকারী পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি।
৬১. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর (রেজিস্ট্রার দপ্তরে কর্মরত সকলকে অবহিতকরণের জন্য), জবি।
৬২. সভাপতি/সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি, জবি।
৬৩. সভাপতি/সাধারণ সম্পাদক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সহায়ক কর্মচারী সমিতি, জবি।
৬৪. নোটিশ বোর্ড, জবি।
৬৫. অফিস নথি।

(জিয়াদুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার।

AR

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ঢাকা।

‘ডে-কেয়ার সেন্টার’ নীতিমালা-২০১৭

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের শিশুসন্তানদের নিরাপদ, স্বাস্থ্যসম্মত, আকর্ষণীয় ও উপযোগী পরিবেশে নিবিঘ্নে ও নিশ্চিত্তে বেড়ে ওঠার লক্ষ্যে ডে-কেয়ার সেন্টার পরিচালনার জন্য নিম্ন বর্ণিত নীতিমালা প্রস্তুত করা হলো:

১. শিরোনামঃ এই নীতিমালা ‘ডে-কেয়ার সেন্টার’ নীতিমালা-২০১৭ হিসাবে অভিহিত হইবে।

২. সংক্ষিপ্ত ব্যাখ্যা :

ক) বিশ্ববিদ্যালয় বলিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় বুঝাইবে।

খ) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী বলিতে “জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫” অনুযায়ী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে বুঝাইবে।

গ) ডে-কেয়ার সেন্টার বলতে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর শিশুসন্তানদেরকে নিরাপদ, স্বাস্থ্যসম্মত, আকর্ষণীয় ও উপযোগী পরিবেশে নিবিঘ্নে ও নিশ্চিত্তে বেড়ে ওঠার লক্ষ্যে গঠিত আবাসস্থলকে বুঝাইবে।

৩। যাদের জন্য প্রযোজ্য :

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের শিশুসন্তানদের জন্য প্রযোজ্য হইবে।

৪। কোন বয়সের শিশুদের জন্য প্রযোজ্যঃ

৬ মাস থেকে ৫ বছর বয়সী শারীরিক-মানসিকভাবে সুস্থ শিশুদের জন্য প্রযোজ্য হইবে। প্রয়োজনের ভিত্তিতে বিবেচনায় শিশুদেরকে নিম্নোক্ত (০২) দুইটি বয়স সীমায় বা (Group)- এ বিভক্ত করা হইবে।

(ক) A গ্রুপ : ০৬ মাস থেকে ০২ বছর বয়সী;

(খ) B গ্রুপ : ০২ বছর থেকে ০৫ বছর বয়সী;

৫। ডে-কেয়ার সেন্টারে অবস্থানের সময়সীমাঃ

সকাল ৮:০০ হইতে বিকাল ৩:৪৫ মিনিট পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ছুটির দিন ব্যতীত সব দিন খোলা থাকিবে (অফিস সময় পরিবর্তন সাপেক্ষে পরিবর্তনযোগ্য)

৬। প্রদত্ত সেবার ধরণঃ

নিবাসী শিশুদের বয়স, প্রয়োজন ও দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্য রেখে সেবা প্রদান করা হইবে। এক্ষেত্রে শিশুর যত্ন (খাওয়া, শৌচাগার ব্যবহার, খেলাধুলায় সহযোগিতা) ও প্রি-স্কুল শিক্ষাসহ সার্বক্ষণিক দেখাশুনা করা সাধারণ সেবার অন্তর্ভুক্ত হইবে। এছাড়া প্রাথমিক চিকিৎসা সেবা পাইতে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রের সহিত সার্বক্ষণিক যোগাযোগ রাখা হইবে। উল্লেখ্য, সেবা পরিকল্পনা অভিভাবকদের সহিত আলোচন পূর্বক পরিবর্তনযোগ্য হইবে।

